

সমবল

দেশ এগিয়ে নিতে শিক্ষার বিকল্প নেই

— প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

■ মির্জাপুর (টাঙ্গাইল) প্রতিনিধি
দেশ এগিয়ে নিতে শিক্ষার বিকল্প
নেই। এ জন্য সরকার শতভাগ শিক্ষা
নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে।
সোমবার: মির্জাপুর সদরের
পোস্টকামুরী মডেল সরকারি
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার মান
উন্নয়নবিষয়ক মডেলিনিময় সভায়
বক্তৃতাকালে এ কথা বলেন প্রাথমিক
ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর
রহমান।

বিদ্যালয় মাঠে পরিচালনা
পরিষদের সভাপতি মেহেরুল
আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত
মডেলিনিময় সভায় আরও বক্তব্য
রাখেন সড়ক পরিবহন ও সেতু
মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী
কমিটির সভাপতি আলহাজ্ব মো.
একাল্বর হোসেন, মির্জাপুর উপজেলা
চেয়ারম্যান মীর এনায়েত হোসেন
মন্টু, টাঙ্গাইলের এডিসি (শিক্ষা)
মুনিরা সুলতানা, উপজেলা আওয়ামী
দীগের সাধারণ সম্পাদক মীর শরীফ
মাহমুদ প্রমুখ। পরে মন্ত্রী মির্জাপুর
সদরের আলহাজ্ব শফি উদ্দিন মিঞা
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন
ডরন উদ্বোধন ও ঢাকা-টাঙ্গাইল
মহাসড়ক চার লেনে উন্নতকরণ
কাজে ক্ষতিগ্রস্ত গুড়ুলিয়া সরকারি
প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন।